

নেট রিডিং জগৎ জোড়া জালের মাধ্যমে বই পড়া। এই বিভাগে টেকনোলজি ডেমনস্ট্রেশনের উদ্দেশ্যে খুবই প্রাথমিক বই পড়ার ব্যবস্থা করা হয়েছে। যারা কম্পিউটার ব্যবহারে তেমন পারদর্শী নন মূলত তাঁদের কাছে এই প্রযুক্তির সীমাহীন ব্যাপ্তির সুযোগ সাধারণ পাঠক কিভাবে পেতে পারেন তা বোঝানোর চেষ্টা করা হয়েছে। আপনার বাঁদিকের মার্জিনে যে কটি বই বা রচনার নাম দেখতে পাচ্ছেন, তার একটিতে মুষিক তীরটি নিয়ে গিয়ে ক্লিক করুন এবং স্ক্রীনে এসে গেলে পড়ে দেখুন। এ রকম অনেকগুলি তালিকা পাঠকদের জন্য উপলব্ধ করা হয়েছে। নেক্সট - প্রিভিয়াস ব্যবহার করে তালিকা নির্বাচন করুন। পড়ুন, পড়ে মতামত জানিয়ে আরও উন্নত ব্যবস্থা বা পাঠক সখ্যতার প্রণয়নে সাহায্য করুন।

চিন্তা করুন; আপনি কয়েক লক্ষ বই এর মধ্য থেকে আপনার পছন্দের বইটি শুধু নাম টাইপ করে কয়েক সেকেন্ডের মধ্যে কম্পিউটারের স্ক্রীনে পড়তে পারলেন। সঠিক নাম জানা না থাকলে, ট্রায়াল এন্ড এরর করতে হয়তো আরও একটু সময় লাগতে পারে। এখানেও ওয়েবসাইট আপনাকে গাইড করবে, কাছাকাছি বিষয়, টাইটেল, লেখক ইত্যাদির নামের যোগান দিয়ে বা সংশ্লিষ্ট বস্তু, বিষয় ইত্যাদির সবচেয়ে সম্ভাব্য তালিকা দেখিয়ে অথবা আপনার কাজে লাগতে পারে এমন সব বিবলিওগ্রাফি তুলে এনে। এর পর থাকছে পড়ার সুবিধা। আপনার চোখে সবচেয়ে কম চাপ পড়ে এমন সাইজ করে নিতে পারবেন। আপনার পড়ার গতিতে এগিয়ে যাবে এমন নির্দেশ দিতে পারবেন। মনোযোগ বাড়াতে আপনাকে দেওয়া যেতে পারে হাইলাইট বা অ্যাপার্চারের ব্যবস্থা:- আপনি শুধু যেখানে পড়ছেন সেই জায়গাটি হয় উদ্ভাসিত হয়ে উঠবে নাহয় বাকীসবকিছু কম ফোকাসে চলে যাবে। আবার যারা পুরানো স্মৃতির পুজারী তাঁরা পুরোদস্তুর কাগজের বই খোলা অবস্থায় দেখতে পারেন, এমনকি পাতা ওলটানোর শব্দও শুনিয়ে দেওয়া যাবে। আশা করি সুধী পাঠক পোকা এবং পুরানো পাতার গন্ধ শুদ্ধ চেয়ে লজ্জা দেবেন না। বঙ্গদর্শনে রত্নাকর মহাকোষ তৈরী হতে হতে প্রযুক্তি আরও এগিবে যাবে। আসুন সবাই মিলে রত্নাকরের মহাকোষ তৈরীর কাজে এবং পড়ানোর অধিকার পেতে সাহায্য করি।